শ্রেণীবিন্যাস ঃ একটি মুক্ত বৃত্ত—সাথী হীন—নেতা ডান দিকে।

আরম্ভের অবস্থা ঃ পরস্পর হাত ধরে বাহু নীচের দিকে সোজা করে ডান পা আলগা রেখে দাঁড়ান।

তাল	ধুয়া (সঙ্গীত ক)
১	ডান পা ডান পাশে রাখ (১ গোণ), বাম পা ডান পায়ের পাশে আল্‌গা করে রেখে দু হাঁটু বাঁকাও (২ গোণ), বাম পা বাম পাশে রাখ (৩ গোণ), ডান পা বাম পায়ের পাশে এনে দু হাঁটু অল্প বাঁকাও (৪ গোণ)।
২	ডান পায়ের পাতা দিয়ে সামনে একবার পিছনে একবার এবং জায়গায় দু বার ঠোকা মার। প্রত্যেক ঠোকার সঙ্গে বাম হাঁটু বাঁকাও।
৩—৮	আরও তিনবার ১ ও ২ তালে কৃতভঙ্গির পুনরাবৃত্তি কর।

প্রথম ভাগ (সঙ্গীত খ)

৯	ডান পা ডান পাশে রাখ (১ গোণ) ডান হাঁটু বাঁকাও ও সোজা কর (২ গোণ), বাম পা ক্রস্ করে ডান পায়ের পিছনে রাখ (৩ গোণ), বাম হাঁটু বাঁকাও ও সোজা কর (৪ গোণ)।
১০	ডান পা বাম পায়ের পাশে রাখ (১ গোণ), দু হাঁটু অল্প বাঁকাও ও সোজা কর (২ গোণ), আস্তে দু পায়ে লাফাও (৩ গোণ), ডান হাঁটু বাঁকা করে ডান পা পিছনে গুল্‌ফ পর্য্যন্ত তুলে বাম পায়ে হপ কর (৪ গোণ)।
১১—১৬	আরও তিনবার ৯—১০ তালে কৃতভঙ্গির পুনরাবৃত্তি কর।

Part II (Music A)

1—8 Repeat Chorus pattern above.

9 All face right, keeping hands joined.
Step Forward on Right foot (ct. 1), Bend and Straighten Right Knee (ct. 2) and repeat, reversing foot work (ct. 3-4).

10 Two Running Steps Forward (right, ct. 1, left, ct. 2), Jump lightly on both feet (ct. 3) and Hop on left foot bending right knee and raising right foot in back at ankle lovel (ct. 4).

11—16 Repeat pattern of measures 9-10 three more times.

Part III

1—8 Repeat Chorus pattern above.

9 Repeat pattern of measure 9 of Part I.

10 Step ón Right foot beside left (ct. 1), Bend Straighten Both Knees (ct. 2), Jump lightly on both feet, turning one-quarter turn to right (ct. 3) Hop on left foot, turning one-quarter to left to face front again, bending right knee and raising right foot in back at ankle level (ct, 4)

11—16 Repeat pattern of measures 9-10 three more times.

তাল

দ্বিতীয় ভাগ

১—৮ উপরের ধুয়াতে কৃতভঙ্গির পুনরাবৃত্তি কর।
৯ হাত ধরে রেখে ডান দিকে দেহ ও মুখ ঘোরাও।
ডান পা সামনে রাখ (১ গোণ),
ডান হাঁটু বাঁকাও ও সোজা কর (২ গোণ),
বাম পা সামনে রাখ (৩ গোণ),
বাম হাঁটু বাঁকাও ও সোজা কর (৪ গোণ)।
১০ দ্রুত দু পা সামনে যাও। (ডাইনে ১ গোণ, বামে ২ গোণ),
হালকাভাবে দু পায়ে লাফাও (৩ গোণ),
ডান হাঁটু বাঁকা করে ডান পা পিছনে গুল্‌ফ পর্য্যন্ত তুলে বাম পায়ে হপ্‌ কর (৪ গোণ)।
১১—১৬ আরও তিনবার ৯ ও ১০ তালে কৃতভঙ্গির পুনরাবৃত্তি কর।

তৃতীয় ভাগ

১—৮ উপরের ধুয়াতে কৃতভঙ্গির পুনরাবৃত্তি কর।
৯ ১ম ভাগের ৯ তালে কৃতভঙ্গির পুনরাবৃত্তি কর।
১০ ডান পা বাম পায়ের পাশে রাখ (১ গোণ),
দু হাঁটু বাঁকাও ও সোজা কর (২ গোণ),
সিকি ডান দিকে ঘুরে হালকাভাবে দুপায়ে লাফাও (৩ গোণ),
সিকি বাম দিকে ঘুরে ডান হাঁটু বাঁকা করে ডান পা পিছনে গুল্‌ফ পর্য্যন্ত তুলে বাম পায়ে হপ্‌ কর (৪ গোণ)।
১১—১৬ আরও তিন বার ৯ ও ১০ তালে কৃতভঙ্গির পুনরাবৃত্তি কর।

26. DUCK FOR THE OYSTER

(American Square Dance)

Record : RCA Victor 'Let's Square Dance Series'.
Tape No. Two. Grade :—ADVANCED.

Formation : A square of four couples, numbered counterclockwise 1,2,3, and 4. Women on partner's right.

Part I (Calls)

Honor your partner,
Honor your corner.
All join hands and circle left, back the other way, circle right.
Right hand to your partner for a GRAND RIGHT AND LEFT PROMENADE YOUR PARTNER,

Part II

A" *1st. COUPLE* Lead to the right and circle 4 hands around (left). As they continue to hold hands, the SECOND COUPLE raises joined hands in an arch.

1st. COUPLE ducks forward under this arch—but just barely going under it, *not* all the way through—and then back. The FIRST couple now makes the arch and the *second* couple ducks forward and back. The *first* couple ducks under *again* but this time they let go of the second couple's hands and PASS ON THROUGH to the THIRD COUPLE.

They repeat the action with them, and then with the fourth couple.

2nd COUPLE Repeat "A" in its entire pattern.

Part III

EVERYBODY SWING (Right Elbow swing with your partner).
PROMENADE your partner.
Right hand to your PARTNER FOR A GRAND RIGHT AND LEFT.
PROMENADE your partner.

Part IV

THIRD COUPLE Repeat "A" in its entire pattern.
FOURTH COUPLE Repeat "A" in its entire pattern.

Part V

Repeat Part III in its entire pattern.

২৬। ঝিনুকের জন্য ডুব দাও

(যুক্তরাষ্ট্রের চৌকা নৃত্য)

রেকর্ড ঃ আর. সি. এ. ভিক্টর লেটস্ স্কোয়ার ড্যান্স সিরিজ—টেপ নং—দুই। স্তর—উন্নত।

শ্রেণীবিন্যাস ঃ চারটি যুগলের একটি চতুকোণ। বামাবর্তে ১, ২, ৩, ৪ সংখ্যা দ্বারা প্রত্যেক যুগল চিহ্নিত। মেয়ে ছেলের ডান দিকে।

প্রথম ভাগ (কথা)

অনার ইয়োর পার্টনার ; অনার ইয়োর কর্ণার ;
অল জয়েন হ্যাণ্ডস্ এণ্ড সারকেল লেফ্ট্ ব্যাক দি আদার ওয়ে, সারকেল রাইট্ ;
রাইট হ্যাণ্ড টু ইয়োর পার্টনার ফর এ গ্র্যাণ্ড রাইট এণ্ড লেফ্ট্
প্রমানেড্ ইয়োর পার্টনার।

দ্বিতীয় ভাগ

"ক" **প্রথম যুগল**—দ্বিতীয় যুগলের সাথে হাত ধরে চারজনে দক্ষিণাবর্তে ঘোর এবং দ্বিতীয় যুগল ভিতরের হাত তুলে তোরণ তৈরী কর—প্রথম যুগল তৃতীয় যুগলের দিকে মুখ করে হাত যুক্ত রেখে তোরণের ভিতর দিয়ে ধাঁ করে অল্প এগিয়ে যাও ও পিছিয়ে এসো এবং ভিতরের হাত উপরে তুলে তোরণ তৈরী কর। দ্বিতীয় যুগল তোরণের নীচ দিয়ে ধাঁ করে এগিয়ে যাও এবং পিছিয়ে এসো এবং আবার তোরণ তৈরী কর। প্রথম যুগল এবার দ্বিতীয় যুগলের হাত ছেড়ে দিয়ে তোরণের নীচ দিয়ে ধাঁ করে গিয়ে তৃতীয় যুগলের হাত ধর।

এইভাবে তৃতীয় ও চতুর্থ যুগলের সঙ্গে উপরের ভঙ্গি পুনরাবৃত্তি কর।

দ্বিতীয় যুগল—"ক" এর সম্পূর্ণ ভঙ্গির পুনরাবৃত্তি কর।

তৃতীয় ভাগ

প্রত্যেক যুগল ডান কনুইতে আবদ্ধ হ'য়ে দুপাক ঘোর এবং সাথীকে নিয়ে প্রমানেড্ করে জায়গায় ফিরে এস।

এবার ডান হাত দিয়ে শুরু করে গ্র্যাণ্ড রাইট এণ্ড লেফট্ করে এগিয়ে যাও এবং পুনরায় সাথীকে নিয়ে প্রমানেড্ করে নিজ নিজ জায়গায় ফিরে এস।

চতুর্থ ভাগ

তৃতীয় যুগল—"ক"এর সম্পূর্ণ ভঙ্গির পুনরাবৃত্তি কর।
চতুর্থ যুগল—"ক"এর সম্পূর্ণ ভঙ্গির পুনরাবৃত্তি কর।

পঞ্চম ভাগ

তৃতীয় ভাগে কৃত সম্পূর্ণ ভঙ্গির পুনরাবৃত্তি কর।

27. GIRLS TO THE CENTRE

(American Square Dance)

Record : RCA Victor 'Let's Square Dance Series'.
Tape No. Two. Grade—ADVANCED.

Formation : A square of four couples, numbered counterclockwise 1, 2, 3, and 4. Women on partner's right.

Part I (Calls)

All join hands and circle Left eight hands round.
Circle Right (stopping at the boys home position),
Right hand to your partner for a Grand Right and Left.
When you meet your partner Promenade.
Everybody Swing Your Partner (right Elbow swing).

Part II

"A" After the introduction (Part I) *all four girls* walk to the centre of the set and stand there, back to back, facing their home position.
All four boys walk to the right (counter-clockwise), completely around the outside of the set.
Each Boy Passes his partner and Swings the Next Girl (first boy with second girl, etc.)
The four girls again walk to the centre and the boys again walk around the outside. They pass the girl they have just swung and Swing the next one.
The Action is done twice more ; finally each boy has his own partner again.

Part III

Repeat Part I.

Part IV

Repeat "A"—But this time the four Boys walk to the centre of the set and stand there, back to back—and the girls walk around the outside of the set.

Part V

Same as Part I.

২৭। কেন্দ্রে বালিকা—যুক্তরাষ্ট্র

(যুক্তরাষ্ট্রের চৌকা নৃত্য)

রেকর্ড : আর. সি. এ, ভিক্টর (লেটস্ স্কোয়ার ড্যান্স সিরিজ)। টেপ নং—দুই। স্তর—উন্নত।

শ্রেণীবিন্যাস : চারটি যুগলের একটি চতুষ্কোণ। বামাবর্তে ১, ২, ৩, ৪ সংখ্যা দ্বারা প্রত্যেক যুগল চিহ্নিত। মেয়ে ছেলের ডান দিকে।

প্রথম ভাগ (কথা)

অল জয়েন হ্যাণ্ডস্ এণ্ড সারকেল লেফট্ এইট্ হ্যাণ্ডস্ রাউণ্ড
সারকেল রাইট (স্টপিং এট্ দি বয়েজ হোম পজিসন)
রাইট হ্যাণ্ড টু ইয়োর পার্টনার ফর এ গ্র্যাণ্ড রাইট এণ্ড লেফ্ট্
হোয়েন ইউ মিট্ ইয়োর পার্টনার প্রমানেড্।
এভ্‌রি বডি সুইং ইয়োর পার্টনার (রাইট এলবো সুইং)।

দ্বিতীয় ভাগ

"ক" প্রথম ভাগের মুখবন্ধের পর প্রত্যেক যুগলের মেয়েরা (চারজন) কেন্দ্রের দিকে এগিয়ে যেয়ে পরস্পরের পিঠে পিঠ দিয়ে নিজের সাথীর দিকে মুখ করে দাঁড়াও।

এবার ছেলেরা (চারজন) ধীর পদক্ষেপে বামাবর্তে সম্পূর্ণ এক পাক ঘুরে নিজের সাথীকে ছাড়িয়ে পরবর্তী মেয়ের সঙ্গে কনুইতে আবদ্ধ হয়ে দক্ষিণাবর্তে এক পাক ঘোর।

মেয়েরা আবার কেন্দ্রে ফিরে যাও এবং ছেলেরা আবার ধীর পদক্ষেপে বামাবর্তে সম্পূর্ণ এক পাক ঘুরে পূর্বের মেয়েকে ছাড়িয়ে পরবর্তী মেয়ের সঙ্গে কনুইতে আবদ্ধ হ'য়ে দক্ষিণাবর্তে এক পাক ঘোর। আরও দুবার উপরের ভঙ্গির পুনরাবৃত্তি কর এবং নিজের সাথীর কাছে ফিরে এস।

তৃতীয় ভাগ

প্রথম ভাগের পুনরাবৃত্তি কর।

চতুর্থ ভাগ

দ্বিতীয় ভাগের "ক"এ কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর। এবার ছেলেরা কেন্দ্রে পিঠে পিঠ দিয়ে দাঁড়াবে এবং মেয়েরা চারদিকে ঘুরবে।

পঞ্চম ভাগ

প্রথম ভাগের পুনরাবৃত্তি কর।

28. JHUMUR—India (West Bengal)

Record : None available at present. Grade—Advanced.
Formation : Open or broken circle or line.
Starting
Position : Arms around neighbours' waists, or Hands clasped with elbows bent. Left Foot free.

Count :

1 Step forward on Left foot, leaning slightly forward.
2 Step on Right foot in place, straightening up slightly.
3 Step forward on Left foot, leaning slightly forward.
4 Step on Right foot in place, raising Left foot with an emphatic push or spring so as to straighten body with a snap.
5 Step back on Left foot.
6 Hop on Left foot, swinging Right foot up in front of Left knee.
7 Step on Right foot sideward to the right,

Note : This is a 7-Count dance to an 8-measure tune.

Song Words (Translation)

Joining our hands together
Moving our feet in a hurry
Laughing, playing, dancing
We forget fear and worry.

Song Words (Transliteration)

Hatay Hatay dhara dhori
Talay Talay Pa ray
Heshey, Kheley, Nechey bhuli
Bhoy are bhabona ray.

Source : Sri Nabanidhar Banerjee ("Alaji"), Bratachari Society, Calcutta,

২৮। ঝুমুর—ভারতবর্ষ (পশ্চিমবঙ্গ)

স্বর-লিপি

| স স- স স- | ব ব - ব ব- | গ গ- গ ম গ | ব গ- ব - - |

| স স- ধ্ ধ্- | প্ প্- প্ প্- | প্ ধ্ স ধ্ ধ্ - | প্ প্ |

গান

হাতে হাতে ধরা ধরি
তালে তালে পা রে
হেসে, খেলে, নেচে ভুলি
ভয় আর ভাবনা রে

রেকর্ড : বর্তমানে নাই। সুর—উন্নত
শ্রেণী বিন্যাস : বদ্ধ বা মুক্ত বৃত্ত অথবা লাইন
আরম্ভের অবস্থা : পরস্পরের কোমর ধরে অথবা কনুইতে কনুইতে আবদ্ধ হয়ে দাঁড়ান। বাম পা মুক্ত।

মাত্রা

১ শরীর সামান্য সামনে ঝুকিয়ে বাম পা সামনে রাখ।
২ শরীর অল্প সোজা করে ডান পা অল্প তুলে আবার জায়গায় রাখ।
৩ '১' এর অনুরূপ ভঙ্গি কর।
৪ ডান পা অল্প তুলে আবার জায়গায় রাখ, সঙ্গে সঙ্গে জোরে ধাক্কা দিয়ে বাম পা সামনে ওঠাও এবং শরীর সোজা কর।
৫ বাম পা পিছনে রাখ।
৬ বাম পায়ে "হপ" কর এবং ডান পা বাম হাঁটুর সামনে দিয়ে দুলিয়ে ডানদিকে আন।
৭ ডান পা ডানদিকে রাখ।
(৭ মাত্রার তাল)

29. BAUL—India (West Bengal)

(Mendicant's dance with song)

Circle dance

Record : None available at present. Grade—Advanced.

Formation : Single closed circle. No partners.

Starting Position : All stand in circle facing centre with feet slightly apart. Left foot free.

Measure	*Part I*
1	Place Left Toe Forward without transferring weight, Raising Left Hand Upward rotating from chest (palms open) and Head looking upward.
2	Come back to starting position bending both Knees slightly.
3—4	Repeat pattern of measures 1—2 reversing the movement of hand and foot.
5—24	Repeat pattern of measures 1—4 five more times
	Part II
25	Draw Left Foot to the right without transferring weight, bend both Knees slightly and raise Left Hand sideward and upward with fist half-closed and elbow bent and look through the holes of the half-closed fist.
26	Come back to starting position.
27—28	Repeat pattern of measures 25—26 reversing direction and hand and foot-work
29—48	Repeat pattern of measures 25—28 five more times.
	Part III
49	Hop lightly on Left Foot, Brushing and Swinging Right Foot forward and raising Right Hand upward swinging from chest. Place Left Hand to the left bending at Elbow and Palm facing downward bending at wrist, Head looking upward.
50	Came back to starting position.
51—56	Repeat pattern of measures 49—50 three more times in place.
57—64	Repeat pattern of measures 49—50 four more times turning once around clockwise.

২৯। বাউল—ভারতবর্ষ (পশ্চিম বঙ্গ)

(বৃত্ত নৃত্য)

রেকর্ড : বর্তমানে নাই। স্তর—উন্নত।

শ্রেণী বিন্যাস : একটি বদ্ধ বৃত্ত—সাথীহীন।

আরম্ভের অবস্থা : পা অল্প ফাঁক করে, কেন্দ্রের দিকে মুখ করে দাঁড়ান। বাম পা মুক্ত।

তাল	প্রথম ভাগ
১	বাম পায়ের পাতা হালকা ভাবে সামনে রেখে, বাম হাত বুকের কাছ দিয়ে ঘুরিয়ে উপরে রাখ (হাত খোলা) এবং মাথা তুলে উপর দিকে তাকাও।
২	হাত, পা, মাথা আরম্ভের অবস্থায় ফিরিয়ে আন।
৩—৪	ডান পা ও ডান হাতে ১—২ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর।
৫—২৪	আরও পাঁচ বার ১—৪ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর।

দ্বিতীয় ভাগ

২৫	বাম পায়ের পাতা আলগা করে ডান পায়ের পাশে রাখ, একই সঙ্গে বাম হাত অর্দ্ধ মুষ্ঠি করে কনুইর কাছে বাঁকা করে পাশ দিয়ে উপরে তোল এবং মাথা ও চোখ ঘুরিয়ে হাতের দিকে তাকাও।
২৬	হাত, পা, মাথা আরম্ভের অবস্থায় ফিরিয়ে আন।
২৭—২৮	ডান পা ও ডান হাতে ২৫—২৬ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর।
২৯—৪৮	আরও পাঁচ বার ২৫—২৮ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর।

তৃতীয় ভাগ

৪৯	বাম পায়ে হালকা ভাবে "হপ" করে, ডান পা মাটি ঘষে দুলিয়ে সামনে রাখ, সঙ্গে সঙ্গে ডান হাত বুকের কাছ থেকে সামনে দিয়ে দুলিয়ে উপরে উঠাও। বাম হাত কনুইর কাছে বাঁকা করে, হাতের তালু মাটির দিকে মুখ করে, বাম পাশে রাখ। উপর দিকে মাথা তুলে ডান হাতের দিকে তাকাও।
৫০	হাত, পা ও মাথা আরম্ভের অবস্থায় ফিরিয়ে আন।
৫১—৫৬	আরও তিন বার জায়গায় দাঁড়িয়ে ৪৯—৫০ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর।
৫৭—৬৪	আরও চার বার ৪৯—৫০ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি করতে করতে দক্ষিণাবর্তে এক পাক ঘোর।

30. KATHI NRITYA—India (West Bengal)

(Circle Dance)

Translation : Dance with stick.

Record : None at present. Grade—Advanced.

Formation : Single circle of couples facing centre with two 18″ long sticks in hands.

Starting Position : Stand in single file with two sticks in two hands out side the arena and enter the arena dancing (hopping) lightly on alternate foot and keeping time with the beat of the sticks and form a single circle facing centre. Partners are numbered 1 and 2.

(No, 1 will first attack No. 2 on the left and then will defend the attack of No. 2 on the right).

Measure *Part I (Music A)*

Tap Left Toe 4 times in place bending knees slightly and keeping time with the beat of sticks.

1 No 1. ATTACKS AND No. 2 DEFENDS. Turning to left, placing right foot forward No. 1 attacks No. 2 on left with the stick of right hand rotating it over the head and pushing left hand sideward to left keeping the stick vertical. Simultaneously turning to right, placing left foot forward No 2 defends the attack of No 1 by pushing the left hand forward from chest keeping the stick slanting downward.

2 No. 1 RETREATS AND No. 2 GETS READY FOR ATTACK. No. 1 retreats turning to the right with body bending downward and keeping time with the beat of the sticks at ground level. Simultaneously No. 2 turns to left placing left toe facing clockwise and keeps time with the beat of sticks over head. (Position of sticks—left over, right under).

3 No. 2 ATTACKS AND No. 1 DEFENDS. Repeat the pattern of measure 1 changing the action of partners i. e., No. 2 attacking and No. 1 defending.

4 No. 2 RETREATS AND No. 1 GETS READY FOR ATTACK. Repeat the pattern of measure 2 changing the action of partners i. e. No. 2 retreating and No 1 getting ready for attack.

5—32 Repeat pattern of measures 1—4 seven more times,

Part II (Music B)

33—64 Repeat pattern of measures 1—32,

Part III (Music C)

65—96 Repeat pattern of measures 1—32.

Finally retreat and go out of the circle in a file with the same movement.

৩০। কাঠি নৃত্য—ভারতবর্ষ (পশ্চিমবঙ্গ)

(বৃত্ত নৃত্য)

রেকর্ড : বর্তমানে নাই। স্তর—উন্নত।

শ্রেণী বিন্যাস : কেন্দ্রের দিকে মুখ করে যুগলের একটি বৃত্ত। দু হাতে ১৮″ লম্বা কাঠি।

আরম্ভের অবস্থা : সকলে কাঠি হাতে বৃত্তের বাইরে এক ফাইলে দাঁড়াও। তারপর কাঠি দিয়ে তাল রেখে পর পর বাম ও ডান পায়ে লাফাতে লাফাতে এগিয়ে যাও এবং একটি বৃত্ত তৈরী কর। সকলের মুখ কেন্দ্রের দিকে। সাথীরা ১ ও ২ সংখ্যায় চিহ্নিত। (১নং সাথী প্রথম বামের ২নং সাথীকে মারবে, তারপর ডাইনের ২নং সাথীকে রুখবে)।

তাল — **প্রথম ভাগ (সঙ্গীত ক)**

হাঁটু অল্প বাঁকা করে বাম পায়ের পাতা দিয়ে জায়গায় ৪ বার ঠোকা মার এবং কাঠি দিয়ে তাল রাখ।

১ — ১নং সাথী মারবে এবং ২নং সাথী রুখবে। ১নং সাথী বামদিকে শরীর ঘুরিয়ে, ডান পা সামনে রেখে ডান হাতের কাঠি মাথার উপর দিয়ে ঘুরিয়ে বামের ২নং সাথীকে আঘাত কর এবং সঙ্গে সঙ্গে বাম হাত বামদিকে ঠেলে দাও এবং কাঠির মুখ উপর দিকে রাখ। একই সঙ্গে ২নং সাথী ডানদিকে ঘুরে বাম পা সামনে রেখে বাম হাত বুকের কাছ থেকে সামনে সোজা করে হাতের কাঠি দিয়ে ১নং সাথীর আঘাত রোখ। (রুখবার সময় কাঠির মুখ নীচু দিকে থাকবে)।

২ — ১নং সাথী পালবার ভঙ্গি করে ডাইনে ঘুরে শরীর নীচুদিকে বাঁকা করে দু হাতের কাঠি দিয়ে নীচে তাল রাখ। ২নং সাথী বামে ঘুরে (বাম পায়ের পাতা দক্ষিণাবর্তে ঘুরিয়ে) দু হাত মাথার উপর তুলে কাঠি দিয়ে তাল রাখ (ডান হাতের কাঠি নীচে থাকবে)।

৩ — এবার ২নং সাথী মারবে এবং ১নং সাথী রুখবে। সাথীদের কাজ বদলিয়ে ১ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর অর্থাৎ ২নং মারবার ১নং রুখবার ভঙ্গি কর।

৪ — এবার ২নং সাথী পালাবার ভঙ্গি করবে এবং ১নং সাথী মারবার জন্য প্রস্তুত হবে। সাথীদের কাজ বদলিয়ে ২ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর।

৫—৩২ — আরও সাতবার ১—৪ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর।

দ্বিতীয় ভাগ (সঙ্গীত খ)

৩৩—৬৪ — ১—৩২ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর।

তৃতীয় ভাগ (সঙ্গীত গ)

৬৫—৯৬ — ১—৩২ তালে কৃত ভঙ্গির পুনরাবৃত্তি কর।

পরিশেষে অনুরূপ ভঙ্গি করতে করতে সকলে এক ফাইলে বৃত্তের বাইরে চলে যাও।

GLOSSARY

ADVANCE : Move forward (counterclockwise), usually to a new partner.

ALLEMANDE : A one-hand turn once around for two people. Allemande right is with the right hand ; allemande left is with the left hand.

ARCH : Join one or both hands high, like a bridge, with someone so one or more others may go underneath.

BALANCE : A simple step in the direction indicated, and in the rhythm of the dance. In Waltz (3/4 tempo) rhythm, for instance, balance forward and back means : step forward (ct, 1) and bring other foot forward beside the firsr one (ct, 2 & 3) ; repeat moving backward.

CHAIN OR LADIES CHAIN : The two women change places, taking right hands as they pass. Each man takes the approaching woman's left hand in his left, places his right arm around her waist and pivots backward to reface the opposite couple (8 counts). The women return to their original positions with the same movement (8 counts).

CIRCASSIA OR GRAPEVINE STEP (RIGHT) : Moving sideward in the right, cross and step left foot in front of right (ct. 1), step to the right on right foot (ct. 2), cross and step left foot behind right (ct, 3), step to the right on right foot (ct. 4). For circassia or Grapevine step left : repeat above reversing direction and foot work.

CORNER : The person next to you who is not your partner. In a square dance the woman to the left of each man is his corner because she is on the corner of the imaginary square.

DO SI DO : Two people move forward and completely around each other, clockwise, then move backward to original place. Pass right shoulders as you move forward, pass left shoulders as you move backward, and stay facing the same direction as you move around each other.

DOUBLE CIRCLE : A circle of couples, each pair of people standing side by side and facing forward (counterclockwise), or facing each other, as specified in the dance,

FORWARD : Counterclockwise ; anticlockwise.

FREE FOOT : The foot with no weight on it, the foot you lift a little just before starting any part of any dance.

GALLOP STEP (RIGHT) : Slide right foot to the right (ct. 1), leap up on right foot and come down on left foot in the same place (ct. 2) ; repeat as necessary. Gallopstep left : Repeat above reversing direction and foot work.

GRAND RIGHT & LEFT : Eor couples facing centre in a single circle : partners face and give right hands to each other, do not turn around but move forward past partner to take a left hand of next person ; continue

পারিভাষিক শব্দ সংগ্রহ

"এ্যাডভান্‌স" ‘অগ্রগতি’—সাধারণতঃ নতুন সাথীর কাছে বামাবর্তে এগিয়ে যাওয়া।

"আলেমাণ্ড" দুটি সাথীর একহাত ধরে এক পাক ঘোরা। আলেমাণ্ড ডান—ডান হাতে ধরে ঘোরা, আলেমাণ্ড বাম—বাম হাতে ধরে ঘোরা।

"আর্চ" ‘তোরণ’—দুই ব্যক্তির এক বা দুই হাত যুক্ত করে উপরে তুলে একটি তোরণ তৈরী করা যেন নীচ দিয়ে এক বা বহু ব্যক্তি যেতে পারে।

"ব্যালান্‌স" নির্ণীত দিকে নৃত্যের ছন্দে একটি পদক্ষেপ, যেমন, "ওয়াল্‌টজ" এর সময় ৩/৪ মাত্রার ছন্দ।
সামনে ও পিছনে ব্যালান্‌স করার অর্থ—এক পা আগে যাও (১ গোণ) এবং অপর পা প্রথম পায়ের পাশে এগিয়ে আন (২, ৩ গোণ) ; পিছন দিকে অনুরূপ ভঙ্গির পুনরাবৃত্তি কর।

"লেডিস্‌ চেন" যাওয়ার সময় ডান হাত ধরে দুটি মেয়ের জায়গা বদল করা। প্রত্যেক ছেলে বাম হাতে এগিয়ে আসা মেয়ের বাম হাত ধরে এবং ডান হাতে মেয়ের কোমর ধরে পিছন দিকে "পিভট" করে বিপরীত যুগলের দিকে মুখ কর। (৮ মাত্রা) মেয়েরা একই ভাবে চলে আবার নিজের জায়গায় ফিরে আসবে (৮ মাত্রা)।

"সারকাসিয়া" অথবা "গ্রেপভাইন স্টেপ" রাইট ডান পাশে চলে বাম পা ক্রস করে ডান পায়ের সামনে রাখ (১ গোণ) ও ডান পা ডান পাশে রাখ (২ গোণ), বাম পা ক্রস করে ডান পায়ের পিছনে রাখ (৩ গোণ), ডান পা ডান পাশে রাখ (৪ গোণ) "গ্রেপভাইন স্টেপ" লেফট এর বেলায় পায়ের কাজ ও দিক বদলিয়ে উপরের ভঙ্গি পুনরাবৃত্তি কর।

"কর্ণার" তোমার পরের ব্যক্তি যে তোমার সাথী নয়। চৌকা নৃত্যে প্রত্যেক ছেলের বামদিকের মেয়ে তার "কর্ণার" কারণ সে কল্পিত চতুষ্কোনের একটি কোন।

"ডোসিডো" দুই ব্যক্তির ডান কাঁধ ছুঁইয়ে সামনে চলে এবং বাম কাঁধ ছুঁইয়ে পিছনে চলে (দক্ষিণাবর্তে) জায়গায় ফিরে এসে মুখোমুখি হয়ে দাঁড়ান।

"ডবল্‌ সারকেল" "জোড়াবৃত্ত"। যুগলের দুটি বৃত্ত। যুগলের দুজন সামনে বামাবর্তে মুখ করে পাশাপাশি দাঁড়ান অথবা পরস্পর মুখোমুখি হয়ে দাঁড়ান। যখন পাশাপাশি দাঁড়াবে তখন মেয়ে ছেলের ডান দিকে থাকবে। যখন মুখোমুখি তখন ছেলের পিঠ কেন্দ্রের দিকে।

"ফরওয়ার্ড" বামাবর্তে এগিয়ে যাওয়া।

"ফ্রি-ফুট" যে পায়ে শরীরের কোন ভার থাকবে না। নাচের কোন অংশ আরম্ভ করবার সময় যে পা একটু আলগা করে রাখা হয়।

"গ্যালপ-স্টেপ" রাইট ডান পা মাটি ছুঁইয়ে ডান দিকে রাখ (১ গোণ), ডান পায়ে লাফিয়ে বাম পায়ে একই জায়গায় নেমে এস (২ গোণ), প্রয়োজন মত পুনরাবৃত্তি কর। "গ্যালপ স্টেপ লেফট" পায়ের কাজ ও দিক বদলিয়ে একই ভঙ্গির পুনরাবৃত্তি কর।

the same way, moving past this person to take right hand of next ; continue the same way, for as many hands as required. In a square dance of four couples (eight people) partners usually go past 4 or 8 hands to meet each other again.

HEEL-TOE STEP : Extend leg in front and touch heel to floor (ct. I), bend knee slightly and touch the same toe to floor (ct. 2). Use which ever foot is designated in the dance.

HOP : With weight on one foot, jump off the ground and come down on the same foot. Hop on both feet means jump off the ground and come down on both feet.

INSIDE FOOT (OR HAND) : For two people standing side by side : the foot (or hand) between you. If man has woman on his right, inside is man's right and woman's left, Inside person is usually the man or the "leader."

OUTSIDE FOOT (OR HAND) : For two people standing side by side : the foot or hand not between you. If man has woman on his right, outside is man's left and woman's right. Outside person is usually the woman or the "follower."

FARTNER : The person you are dancing with. If man and woman stand side by side as a couple, woman is usually on the right, man on the left. If the two are the same sex we sometimes call the one on the left the "inside person" or "leader" and the one on the right the "outside person" or "follower."

PAS de BASQUE STEP LEFT : Step to the left on left foot bending left knee slightly (ct. 1), close and step right foot in place beside left (ct. 2), step on left foot in place bending left knee slightly (ct. 3) and pause (ct. 4). For Pas de Bnsque step right : repeat above reversing direction and foot work (there are many different national styles for this step).

POLKA STEP RIGHT : Hop on left foot (ct. and), step forward on right foot (ct. 1), close and step left foot in place beside right (ct. 2), step forward on right foot (ct. 3) and pause (ct. 4). For Polka step left repeat above reversing foot work.

Note : A polka step is the same as a two-step preceded by a slight hop.

PROGRESSIVE, Change partner type dance.

PROMENADE : Move forward, usually side by side as couples, using designated step and hold.

SCHOTTISCHE STEP RIGHT : Step forward on right foot (ct. 1), close and step left foot in place beside right (ct. 2), step forward on right foot (ct. 3), hop on right foot (ct. 4). For Schottishe step left ; repeat aboye reversing footwork.

"গ্রাণ্ড রাইট এ্যাণ্ড লেফট্"	কেন্দ্রের দিকে মুখ করে যুগলের একটি বৃত্ত। যুগল মুখোমুখি ঘুরে দাঁড়াও। উভয় সাথী ডান হাত যুক্ত কর, সম্পূর্ণ না ঘুরে সাথীকে অতিক্রম করে এগিয়ে যাও এবং পরের ব্যক্তির বাম হাত ধর, এইভাবে এই ব্যক্তিকে ছাড়িয়ে এগিয়ে যেয়ে তারপরের ব্যক্তির ডান হাত ধর। এইভাবে প্রয়োজন মত এগিয়ে যাও। চারটি যুগলের চৌকা নৃত্যে (৮ জন লোক) সাথীরা সাধারণতঃ চারটি বা আটটি হাত অতিক্রম করে আবার নিজের জায়গায় এসে মিলিত হয়।
"হিল-টো স্টেপ"	পা সামনে সোজা করে গোড়ালি দিয়ে মাটি ছোঁও (১ গোণ), হাঁটু অল্প বাঁকা করে একই পায়ের পাতা দিয়ে মাটি ছোঁও (২ গোণ)। নৃত্যে নির্দেশ মত পা ব্যবহার কর।
"হপ"	এক পায়ে ভর রেখে লাফিয়ে উপরে উঠে আবার একই পায়ে মাটিতে নেমে আসা। দুপায়ে "হপ" করার অর্থ দুপায়ে লাফিয়ে আবার দুপায়ে নেমে আসা।
ইনসাইড ফুট অর হাণ্ড	"ভিতরের পা অথবা হাত"। পাশাপাশি দাঁড়ান দুজনের মধ্যস্থিত পা অথবা হাত। মেয়ে ছেলের ডান দিকে থাকলে ছেলের ডান ও মেয়ের বাম হাত ভিতরের হাত।
আউট সাইড ফুট অর হাণ্ড	বাইরের পা অথবা হাত। পাশাপাশি দাঁড়ান দুজনের বাইরের দিকের পা অথবা হাত। মেয়ে ছেলের ডান দিকে থাকলে ছেলের বাম ও মেয়ের ডান হবে বাহির। সাধারণতঃ ছেলে ভিতর দিকে থাকে এবং মেয়ে তার ডান দিকে অর্থাৎ বাইরে দিকে থাকে। ছেলেকে বলা হয় নেতা, মেয়েকে বলা হয় সহচরী।
"পার্টনার"	"সাথী" যার সাথে নাচা হয়। যদি যুগল হিসাবে ছেলে এবং মেয়ে পাশাপাশি দাঁড়ায়, তবে সাধারণতঃ মেয়ে ডান দিকে এবং ছেলে বাম দিকে থাকে। যদি দুজনই ছেলে বা মেয়ে হয় তবে বামদিকের সাথীকে বলা হয় ভিতরের সাথী বা নেতা আর ডানদিকের সাথীকে বলা হয় বাইরের সাথা বা সহচর।
"পা ড বা" স্টেপ লেফট	বাম হাঁটু অল্প বাঁকা করে বাম পা বামদিকে রাখ (১ গোণ), ডান পা বাম পায়ের পাশে রাখ (২ গোণ), বাম হাঁটু অল্প বাঁকা করে বাম পা দিয়ে জায়গায় পদক্ষেপ কর (৩ গোণ), এবং থাম (৪ গোণ)। "পা ড বা স্টেপ রাইট"এর বেলায় পায়ের কাজ ও দিক বদলিয়ে উপরের ভঙ্গির পুনরাবৃত্তি কর। এই পদক্ষেপের বিভিন্ন দেশে বিভিন্ন রকম ভঙ্গি।
"পোলকা স্টেপ" রাইট	বাম পায়ে "হপ" কর ! (আর গোণ), ডান পায়ে সামনে পদক্ষেপ কর (১ গোণ), বাম পা ডান পায়ের কাছে রাখ (৩ গোণ) এবং থাম (৪ গোণ)। "পোলকা স্টেপ" লেফ্টএর বেলায় পায়ের কাজ বদলিয়ে উপরের ভঙ্গির পুনরাবৃত্তি কর। (পোলকা স্টেপ প্রায় "টু স্টেপের" মত শুধু আগে একটি ছোট্ট "হপ" আছে।)
"প্রোগ্রেসিভ"	যে সব নৃত্যে সাথী বদল হয়।
"প্রমানড"	নির্দেশ মত কোমর বা হাত ধরে নির্দিষ্ট পদক্ষেপে সাথীকে পাশাপাশি রেখে যুগলের এগিয়ে যাওয়া।

Note : A Schottische step is the same as a two-step followed by a hop on count 4.

SKIPPING STEP : Step forward on one foot (cts. 1, 2), hop forward on the same foot (ct. 3). This is a rapid step in 6/8 rhythm.

SLIDE : Move designated foot along the floor in designated direction.

STAR : Put designated hands in the middle and move around. Four people in a righthand star put their right hands in the middle, usually shaking hands with opposite person, and move clockwise. Four people in a left hand star put their left hands in the middle and move counterclockwise.

STEP HOLD : Step on one foot (ct. 1) and pause (ct. 2).

STEP DRAW : Step on one foot (ct. 1) close and move free foot to place but do not transfer weight (ct. 2).

STEP-SWING STEP : Step on one foot (ct. 1), move the other foot in the air diagonally across in front (ct. 2).

STRUTTING STEP : A syncopated walking step as in 'Ten Pretty Girls".

SWING : Turn, usually clockwise, in designated position.

TRIPPLE CIRCLE : A circle of threes each group of threes standing side by side facing forward (counterclockwise).

TWO-STEP RIGHT : Step forward on right foot (ct. 1). close and step left foot in place beside right (ct. 2), step forward on right foot (ct. 3) and pause (ct. 4). For two-step left : repeat above reversing footwork.

VARSOUVIENNE POSITION : Partners facing in same direction with woman to right and slightly in front of partner, her hands hold a little above shoulder height: Man holds woman's left hand in his left and reaches across her back to hold her right hand in his right.

WALTZ STEP RIGHT : Begin to turn and step on right foot slightly to the right (ct. 1), complete turn half-way around to face opposite direction and slide left foot to the left (ct. 2), close and step on right foot in place beside left (ct. 3). For Waltz step left : repeat above reversing direction and foot work.

ELBOW-SWING : Partners hook right or left elbows and swing around.

STEP-HOP : Step on one foot and hop on the same foot stepping on other foot in front.

SASHAY : Move with slides.

SIDE-CLOSE STEP RIGHT : Step sideward right on right foot (ct. 1 and), close left to right without taking weight (ct. 2 and) repeat pattern reversing footwork, for side close step left.

"সাটিশ স্টেপ" রাইট	ডান পায়ে সামনে পদক্ষেপ কর (১ গোণ), বাম পা ডান পায়ের কাছে এনে পাশে রাখ (২ গোণ), ডান পায়ে সামনে পদক্ষেপ কর (৩ গোণ), ডান পায়ে "হপ" কর (৪ গোণ) "সাটিশ স্টেপ লেফট" : পায়ের কাজ বদলিয়ে উপরের ভঙ্গির পুনরাবৃত্তি কর। (সাটিশ স্টেপ প্রায় টু স্টেপের মত শুধু পরে ৪র্থ মাত্রায় একটি "হপ" যুক্ত হয়।)
"স্কিপিং স্টেপ"	এক পায়ে সামনে পদক্ষেপ কর (১,২ গোণ), একই পায়ে সামনে "হপ" কর (৩ গোণ)। এটা খুব দ্রুত পদক্ষেপ ৬।৮ মাত্রায় চলবে।
"শ্লাইড"	নির্দেশ মত পা মাটি ছুঁইয়ে নির্দিষ্ট দিকে নিয়ে যাওয়া।
"স্টার"	সকলের ডান বা বাম হাত মাঝখানে রেখে পরস্পরের হাত ধরে ঘোরা। চারজনের ডান হাতে "স্টার" ; চারজনের ডান হাত মাঝখানে রেখে বিপরীত লোকের হাত ধরে সকলে দক্ষিণাবর্তে ঘোর বাম হাতের বেলায় বাম হাত মাঝখানে রেখে বিপরীত লোকের হাত ধরে সকলে বামাবর্তে ঘোর।
"স্টেপ হোল্ড"	এক পায়ে পদক্ষেপ কর (১ গোণ) এবং থাম (২ গোণ)।
"স্টেপ ড্র"	এক পায়ে পদক্ষেপ কর (১ গোণ), মুক্ত পা কাছে এনে আলগা করে রাখ (২ গোণ)।
"স্টেপ-সুইং স্টেপ"	এক পায়ে পদক্ষেপ কর (১ গোণ), অন্য পা ঐ পায়ের সামনে দিয়ে কোনাকুনি ক্রস করে হাওয়ায় দুলিয়ে নাও (২ গোণ)।
"স্ট্রাটিং স্টেপ"	সদর্প পদক্ষেপ। ঠুকঠুক, ঠুকঠুক করে পদক্ষেপ করা।
"সুইং"	সাধারণতঃ দক্ষিণাবর্তে ঘুরে নির্দিষ্ট জায়গায় যাওয়া।
"ট্রিপল সারকেল"	ত্রয়ীর একটি বৃত্ত। প্রত্যেক ত্রয়ীর তিনজন বামাবর্তে মুখ করে পাশাপাশি দাঁড়ান।
"টু-স্টেপ রাইট"	"দ্বিপদ" ডাইনে। ডান পায়ে সামনে পদক্ষেপ কর (১ গোণ) বাম পা ডান পায়ের কাছে পাশে রাখ (২ গোণ), ডান পায়ে সামনে পদক্ষেপ কর (৩ গোণ) এবং থাম (৪ গোণ)। দ্বিপদ বামে—পায়ের কাজ বদলিয়ে উপরের ভঙ্গির পুনরাবৃত্তি কর।
"ভারসুভিয়েন পজিসন"	সাথী মেয়েকে সামান্য সামনে ডান দিকে রেখে একই দিকে মুখ করে কাঁধের সমান উঁচুতে বাম হাতে মেয়ের বাম হাত এবং মেয়ের পিঠের দিক দিয়ে ক্রস করে ডান হাতে ডান হাত ধরবে।
"ওয়াল্টজ্ স্টেপ" রাইট	ডান দিকে অল্প ঘুরে ডান পা ডান দিকে রাখ (১ গোণ) বাম পা শ্লাইড করে ঘোরা সম্পূর্ণ করে উলটোদিকে মুখ করে বামদিকে রাখ (২ গোণ) ডান পা বাম পায়ের কাছে পাশে রাখ (৩ গোণ) "ওয়াল্টজ্ স্টেপ লেফট" এর বেলায় পায়ের কাজ ও দিক বদলিয়ে উপরের ভঙ্গির পুনরাবৃত্তি কর।
"এলবো সুইং"	উভয় সাথী বাম বা ডান কনুইতে আবদ্ধ হয়ে ঘোরা।
"স্টেপ হপ"	এক পায়ে সামনে পদক্ষেপ কর এবং সেই একই পায়ে হপ করে অন্য পায়ে সামনে পদক্ষেপ কর।
"সাশে"	শ্লাইড করে এগিয়ে যাওয়া।
সাইড ক্লোজ স্টেপ রাইট	ডান পায়ে ডান দিকে পদক্ষেপ কর (১ আর গোণ), বাম পা আলগা রেখে ডান পায়ের কাছে পাশে রাখ (২ আর গোণ)। পায়ের কাজ বদলিয়ে বামে উপরের ভঙ্গির পুনরাবৃত্তি কর।

২৬। ঝিনুকের জন্য ডুব দাও—যুক্তরাষ্ট্র।

(প্রথম ভাগের ইংরেজী কথার বাংলা অনুবাদ)

প্রথম ভাগ (কথা)

কর প্রণাম সাথীরে তব, কর প্রণাম পড়শী তব,
সবে যুক্ত হস্তে ঘোর বামে বৃত্তে, পুনঃ উল্টো ঘুরে চল ডানে বৃত্তে।
দক্ষিণ হাত সাথীর সাথ মিলাও সবে, ডাইনে বামে যাবার তরে।
পরে সাথীরে নিয়ে চল আপন ঘরে।

২৭। কেন্দ্রে বালিকা—যুক্তরাষ্ট্র।

(প্রথম ভাগের ইংরেজী কথার বাংলা অনুবাদ)

প্রথম ভাগ (কথা)

সকল হস্ত করিয়া যুক্ত ঘোর বামে বৃত্তে একটি চক্র,
ডাইনে বৃত্তে ঘুরিয়া পুনঃ থাম এসে শেষে ছেলের ঘরে।
ডান হাতে ধর সাথীরে তব ছেড়ে ধর বামে পড়শীরে নব,
এই ভাবে চল দক্ষিণে বামে এক ছাড়ি ধর অন্য সাথী নব।
সবে সাথী সনে হেলে দুলে ঘোর দক্ষিণ কনুই আঁকড়ি ধরে।

২৮। ঝুমুর নৃত্যের গান

(মাদল বাজনা—কাঠি নৃত্যের মাদল বাজনার মত
এবং "ধাতিন্ তাতাক্, তিন্‌ধা ধাতিন্ তাং তাং।")

আগা ডালে ব'সে কোকিল
মাঝ ডালে বাসা রে—
ভাঙ্গিল বিরিখির (বৃক্ষ) ডাল
জীবনে নাই আশা রে।
অকালে পুষিলাম পাখী
ঘির্ত মধু দিয়া রে—
সুকালে পালাইলেন্ পাখী
দারুণ শেল দিয়া রে।
অকালে পুষিলাম পাখী
খুদ কুঁড়া দিয়া য়ে—
সুকালে পালাইলেন্ পাখী
দারুণ শেল দিয়া রে।

হেহু ব্রেহু রামে কয়
বহুত মিলানি রে—
সুকালে পালাইলেন্ পাখী
দারুণ শেল দিয়া রে।

২৯। বাউল নৃত্যের গান*

[বাজনা—গাব-গুবা]

হ'ল মাটিতে চাঁদের উদয়
কে দেখবি আয়—
এমন যুগল চাঁদ কেউ দেখিস নাই—
দেখ্‌সে নদীয়ায়।
তোরা কে দেখবি আয়,
তোরা কে দেখবি আয়।
এমন যুগল চাঁদ কেউ দেখিস নাই—
দেখ্‌সে নদীয়ায়।
অকলঙ্ক অনুরাগ হৃদে পুরা
ধন মান তেয়াগি ডোর কৌপীন পরা ;
আছে ভগবানের নামে আঁখি জলে ভরা
আবার আপনি কাঁদিয়ে গোরা জগৎ কাঁদায়।
হেরিয়া গৌরাঙ্গের মুখশশী
লাজে গগনের চাঁদ পড়ে খসি ;
এ চাঁদ ষোল কলা পূর্ণ দিবানিশি—
হেরি ভরে হৃদয় মন আনন্দ সুধায়।

৩০। কাঠি নৃত্যের গান*

মাদল বাজনা ও উহার বোল ঃ—

(১) ধাতিন্ তাং ধাতিন্ তাং
ধাতিন্ তাতাক্ ধাতিন্ তাং
তাক্‌তা ধাতিন্ ধাতিন্ তাং
তাতাক্ ধাতিন্ ধাতিন্ তাং

(২) ধাতিন্ তাতাক্
তিন্‌দা ধাতিন্ তাং তাং

[১]

কাঠিনাচ করিতে সবে রে,
ভাইরে ভাইরে, না করিও হেলা
সবে না করিও হেলা,
সকল খেলার বড় খেলা রে —
ওরে মোদের ভাই,
কাঠিনাচের খেলা—
কিবে কাঠিনাচের খেলা ॥
কাঠি সামালো রে ভাই কাঠি সামালো—
চোখে মুখে লাগে যদি রে
ওরে মোদের ভাই
নাম দোষ নাই—
সবে কাঠি সামালো ॥

[২]

বাবুদের বাড়ীতে হায়রে হায় কিবে
শঙ্খ-চিলের বাসা —
কিবে শঙ্খ-চিলের বাসা,
ছোঁ মেরে নিয়ে গেল রে
ওরে মোদের ভাই
মনে রইল আশা—
কিবে মনে রইল আশা ॥

* মূল গানটির অল্প পরিবর্তন করা হয়েছে।

Knowledge, জ্ঞান,

Labour, শ্রম,

Truth, সত্য,

Unity, ঐক্য,

and Joy ও আনন্দ

Price Rs. 2·50

Published by Phoni Bhattacharjee on behalf of Bengal Bratachari Society 191/1 Bepin Behari Ganguly St. Calcutta-12
Printed by B. Mukerjee at Kalika Press Private Ltd., 25 D. L. Roy Street, Calcutta 6.